# উপজেলা পরিষদ কার্যালয়
## বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।

**বালিয়াডাঙ্গী উপজেলা পরিষদের সেপ্টেম্বর, ২০২৫ মাসের মাসিক সভার কার্য বিবরনী**

সভাপতি : জনাব মফিজুর রহমান
প্রশাসক, উপজেলা পরিষদ, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।
স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ।
তারিখ : ৩০/০৯/২০২৫খ্রি:
সময় : দুপুর ১:০০ ঘটিকা।
উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি আলোচ্যসুচী মোতাবেক সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে আহবান জানানো হলে নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

**১। পূর্ববর্তী সভার কার্যবিবরনী পঠন ও অনুমোদন**

উপজেলা নির্বাহী অফিসার গত ২১/০৮/২০২৫ খ্রি: তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরনী সভায় পাঠ করে শুনান। কোন সংশোধনী না থাকায় উক্ত কার্যবিবরনী অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়।

**১। বিভাগওয়ারী কার্যক্রম পর্যালোচনা:**

সভাপতি বিভাগীয় কার্যক্রম পর্যালোচনার আহবান জানালে নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:-

| ক্র: | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | **ওয়েব পোর্টাল সংক্রান্ত আলোচনা :** সহকারি প্রোগ্রামার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সভায় জানান যে, সকল দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ রয়েছে কিছু কিছু দপ্তরের তথ্য আপলোড করা এখনও বাকি রয়েছে সে সকল তথ্য হাল-নাগাদ করার জন্য সকল বিভাগীয় কর্মকর্তাকে অনুরোধ জানান। | সহকারি প্রোগ্রামার কে নিয়মিত ওয়েব পোর্টাল হাল নাগাদ করার জন্য বলা হলো। | সংশ্লিষ্ট সকল বিভাগ |
| ০২ | **স্বাস্থ্য ও প: প: বিভাগ :** উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা সভায় উপস্থিত। তিনি জানান যে, তার স্বাস্থ্য বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। সাপের কামড়ের এ্যান্টিভেনম ইনজেকশন সরবরাহ না থাকার কারনে সমস্যা হচ্ছে, জনবল কম, ডাক্তার সংকট, পরিস্কার পরিচ্ছন্নতা কর্মী নিয়োগ করা হলে হাসপাতালের পরিবেশ কিছুটা উন্নত হবে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করেন। | সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হলে আলোচনান্তে উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল/এডিপি হতে প্রকল্প গ্রহণ করা হবে মর্মে প্রকল্প চাহিদা দাখিল করার জন্য বলা হলো। | ২। উপ:স্বাস্থ্য ও প.প. অফিসার<br>৩। উপজেলা প্রকৌশলী, বালিয়াডাঙ্গী |
| ০৩ | **উপজেলা কৃষি অফিস :** নবাগত উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কৃষি প্রণোদনা প্রদানের লক্ষে বরাদ্দ পাওয়া গিয়েছে। বরাদ্দ সাপেক্ষে ইউনিয়ন ওয়ারী বিভাজন করা হবে। তিনি সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | প্রকৃত কৃষকদেরমাঝে কৃষি প্রণোদনা প্রদানের লক্ষে তালিকা প্রস্তুত করার জন্য উপজেলা কৃষি অফিসারকে বলা হলো। | ১.উপজেলা কৃষি অফিসার |
| ০৪ | **উপজেলা প্রকৌশল দপ্তর :** উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। উপজেলা পরিষদ রাজস্ব উন্নয়ণ খাত/এডিপি ১ম কিস্তির বরাদ্দ হতে অগ্রাধিকার ভিত্তিক নিমোক্ত প্রকল্পগুলো বাস্তবায়িত করার লক্ষে সভায় উপস্থাপন করেন।<br>**রাজস্ব উন্নয়ণ তহবিল:**<br>১। উপজেলা ভূমি অফিসের রাস্তা সিসি ঢালাইকরণ -৪,০০,০০০/-<br>২। উপজেলা ভূমি অফিসে পানির ফোয়ারা স্থাপন-৬,০০,০০০/-<br>সিদ্ধান্ত: উপজেলা উন্নয়ন তহবিল ব্যবহার নির্দেশিকা, নভেম্বর ২০১৪ এর আলোকে এবং দরপত্র নীতিমালা অনুযায়ী দরপত্র আহবান ও প্রকল্প বাস্তবায়ন কমিটির মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হলো এবং উপজেলা প্রকৌশলীকে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো। | | ১. উপজেলা প্রকৌশলী |
| ০৫ | **প্রাণিসম্পদ বিভাগ :** নবাগত উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা সভায় উপস্থিত তিনি জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম অব্যাহত আছে বলে জানান। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে রাখার জন্য বলা হলো। | ১.প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ০৬ | **মৎস্য বিভাগ :** উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম চলমান রয়েছে। | তার বিভাগের কাজ চলমান রাখার জন্য বলা হলো। | উপজেলা মৎস্য অফিসার |
| ০৭ | **জনস্বাস্থ্য বিভাগ :** সহকারি প্রকৌশলী জনস্বাস্থ্য প্রতিনিধি সভায় জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম চলমান রয়েছে। | তার বিভাগের সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য বলা হলো। | ১.সহ:প্র: জনস্বাস্থ্য |
| ০৮ | **দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ শাখা :** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিভাবে চলছে। টিআর কাবিটার তালিকা অনুমোদন পাওয়া যায়নী, অনুমোদন সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। | তার বিভাগের সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য বলা হলো। | ১.উ.নির্বাহী অ,<br>২.উ. প্র: বা: ক, |

| | | | |
|---|---|---|---|
| ০৯ | **পরিবার পরিকল্পনা বিভাগ :** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান তার বিভাগের সকল কার্যক্রম চলমান রয়েছে। | তার বিভাগের সকল কার্যক্রম অব্যাহত রয়েছে। | ১. উপজেলা প:প: অফিসার |
| ১০ | **প্রাথমিক শিক্ষা** : উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, উপজেলার সকল প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা কার্যক্রম চালু রয়েছে। | শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষা কার্যক্রম অব্যাহত রয়েছে। | ১. উ. শিক্ষা অফিসার. |
| ১১ | **মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা দপ্তর :** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষা কার্যক্রম অব্যাহত রয়েছে। | ১.উপজেলা মাধ্য শিক্ষা অফিসার |
| ১২ | **সমাজসেবা বিভাগ** : উপজেলা সমাজসেবা অফিসার সভায় উপস্থিত তিনি জানান তার বিভাগের সকল কার্যক্রম চলমান রয়েছে। | তার বিভাগের কাজ চলমান রাখার জন্য বলা হলো। | ১.উ: সমাজসেবা অফিসার |
| ১৩ | **সমবায় বিভাগ :** উপজেলা সমবায় অফিসার সভায় উপস্থিত তিনি জানান তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তার বিভাগের কাজ চলমান রাখার জন্য বলা হলো। | উ: সমবায় অফিসার |
| ১৪ | **যুব উন্নয়ন বিভাগ** : উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় উপস্থিত তিনি জানান তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তার বিভাগের কাজ চলমান রাখার জন্য বলা হলো। | উ: যুব উন্নয়ন অফিসার |
| ১৫ | **পল্লী উন্নয়ন বিভাগ :** উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় উপস্থিত তিনি জানান তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তার বিভাগের কাজ চলমান রাখার জন্য বলা হলো। | ১. উ. পল্লী উ. অ |
| ১৬ | **মহিলা বিষয়ক দপ্তর :** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় উপস্থিত তিনি জানান যে, ভিডব্লিউবি কর্মসূচীর উপকারভোগী নির্বাচন করা হয়েছে, দ্রুত উপকারভোগীর তালিকা প্রস্তুত করে কার্ড বিতরণ করা হবে। | ভিডব্লিউবি কর্মসূচীর কার্ড দ্রুত সরবরাহ করে উপকারভোগীদের মাঝে বিতরনের জন্য বলা হলো। | ১) উ: ম. বি:অ. |
| ১৭ | **খাদ্য বিভাগ** : উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা সভায় উপস্থিত তিনি জানান তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তার বিভাগের কাজ চলমান রাখার জন্য বলা হলো। | ১.খাদ্য নিয়ন্ত্রক, |
| ১৭ | **বন বিভাগ :** ফরেষ্টার, বন বিভাগ সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় বিষয়ে আলোচনা করা গেলনা। | পরবর্তী সভায় তাকে উপস্থিত থাকার জন্য বলা হলো। | বন বিভাগ বালিয়াডাংগী |
| ১৮ | **নির্বাচন বিভাগ :** উপজেলা নির্বাচন অফিসার সভায় জানান তার বিভাগের সকল কার্যক্রম চলমান রয়েছে। | তার বিভাগের কাজ চলমান রাখার জন্য বলা হলো। | ১)নির্বাচন অফিসার |
| ১৯ | **পরিসংখ্যান অফিস :** উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় উপস্থিত তিনি জানান বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। | তার বিভাগের সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য বলা হলো। | ১.পরিসংখ্যান অফিসার |
| ২০ | **সেটেলমেন্ট অফিস :** সহকারি সেটেলমেন্ট অফিসার সভায় উপস্থিত তিনি জানান বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। | তার বিভাগের সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য বলা হলো। | সে:অফিসার বালিয়াডাংগী |
| ২১ | **আনসার ভিডিপি অফিস :** উপজেলা আনসার ভিডিপি অফিসার সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম চলমান রয়েছে। | দাপ্তরিক কাজ স্বাভাবিক ভাবে পরিচালনার জন্য বলা হলো। | উ: আনসার ভিডিপি |
| ২২ | **স্যানেটারী ইন্সপেক্টর :** স্যানেটারী ইন্সপেক্টর প্রতিনিধি সভায় উপস্থিত । তিনি জানান যে, তার দপ্তরের কাজ চলমান আছে । | হাট বাজার গুলোতে নিয়মিত অভিযান পরিচালানর জন্য বলা হলো। | ১)স্যানেটারী ইন্সপেক্টর, বালিয়াডাঙ্গী |
| ২৩ | **অফিসার ইনচার্জ:** প্রতিনিধি সভায় জানান যে, তার আইন শৃংখলা কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কাজ স্বাভাবিক ভাবে পরিচালনার জন্য বলা হলো। | অফিসার ইনচার্জ বালিয়াডাঙ্গী |
| ২৪ | **পল্লী বিদ্যুৎ :** ডিজিএম পল্লীবিদ্যুৎ সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় বিষয়ে আলোচনা করা গেল না। | পরবর্তী সভায় তাকে উপস্থিত থাকার জন্য বলা হলো। | ডিজিএম,পল্লীবিদ্যুৎ |
| ২৫ | **উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প :** | | |
| ২৬ | **উপজেলা ১৭ কমিটির সভা সংক্রান্ত :** ইউডিএফ সভায় জানান যে, সকল স্থায়ী কমিটির সভা নিয়মিত করার জন্য ভাইস চেয়ারম্যানদ্বয় ও সদস্য সচিবগণের দৃষ্টি আর্কষন করেন। | স্থায়ী কমিটির সভা নিয়মিত করে মাসিক সভায় অবহিত করার জন্য বলা হলো। | ১.ইউডিএফ<br>২. ভাইস চেয়ারম্যান |
| ২৭ | **প্যানেল চেয়ারম্যান আমজানখোর ইউপি** সভায় জানান যে, আমজানখোর ইউনিয়ন পরিষদের একটি সুনামধন্য ফুলহাট এই হাটের বেহাল দশা। ফুল হাটের মেইন রাস্তার দক্ষিণ পার্শ্বের রাস্তায় কাদা জমে থাকে এই ড্রেণটি দ্রুত মেরামত ও সংস্কার করা প্রয়োজন।<br>সিদ্ধান্ত: সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হলে আলোচনান্তে হাট বাজার ইজারার ১৫% অর্থদ্বারা ফুল হাটের ড্রেণটি পরিস্কার ও মেরামত করার সিদ্ধান্ত গৃহীত হলো। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে বলা হলো। | | |
| ২৮ | **উপজেলা পরিষদ রাজস্ব তহবিল :** (১)উপজেলা পরিষদের অন্যান্য ব্যয় সমূহ নিম্নরূপ; উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা পরিষদের আবাসিক এলাকার রাস্তার দুধারে শীতকালীন ফুলের গাছ রোপন ও পুকুর পাড়ে হাটার রাস্তার দুপার্শ্বে শীতকালীন ফুলের গাছ রোপন করা প্রয়োজন। এতে করে শীতের আমেজে পরিবেশ সুন্দরভাবে ফুটে উঠবে।<br>**সিদ্ধান্ত:** সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হলে আলোচনান্তে উপজেলা পরিষদের আবাসিক এলাকায় শীতকালীন ফুলের গাছ রোপনের সিদ্ধান্ত গৃহীত হয় এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহ করার সিদ্ধান্ত গৃহীত হলো। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে বলা হলো।<br>(২) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, উপজেলা পরিষদের আবাসিক এলাকার বেডমিন্টন কোর্ট মেরামত, ইলেকট্রিক মালামাল ক্রয় এবং খেলাধুলার মালামাল ক্রয় করা প্রয়োজন।<br>**সিদ্ধান্ত:** সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হলে আলোচনান্তে উপজেলা পরিষদের আবাসিক এলাকার বেডমিন্টন কোর্ট মেরামত, ইলেকট্রিক মালামাল ক্রয় এবং খেলাধুলার মালামাল ক্রয় করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহ করার সিদ্ধান্ত গৃহীত হলো। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে বলা হলো।<br>(৩) উপজেলা প্রকৌশলী সভায় আরো জানান যে, উপজেলা পরিষদ আবাসিক কোয়াটার (সুখভবন) এর পিছনে ময়লার সকওয়েল এবং ২য়তলার বাথরুম জরুরী মেরামত করা প্রয়োজন। সকওয়েলের ময়লা ভেসে বাইরে আসে, বাথরুমে পিছনে পরজীবি গাছ জম্মানোর ফলে ওয়ালে ফাটল ও গাছের শিকড় বাথরুমে ভিতরে ছড়িয়ে পড়েছে, যা ব্যবহারকারীর সমস্যা সৃষ্টি হচ্ছে বলে জানান। | | |

| | |
|---|---|
| | **সিদ্ধান্ত:** সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হলে আলোচনান্তে উপজেলা পরিষদের আবাসিক কোয়াটার মেরামত করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহ করার সিদ্ধান্ত গৃহীত হলো। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে বলা হলো।<br>(৪) উপজেলা আইসিটি অফিসার সভায় জানান যে, উপজেলা পরিষদের কার্যক্রম সুষ্ঠভাবে সম্পন্ন করার লক্ষে একটি ল্যাপটপ ক্রয় করা জরুরী প্রয়োজন।<br>**সিদ্ধান্ত:** সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হলে আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহ করার সিদ্ধান্ত গৃহীত হলো। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে বলা হলো।<br>(৫) উপজেলা পরিষদের জীপচালক জয়দেব সিংহ জানান যে, উপজেলা পরিষদের জীপগাড়িটি দীর্ঘদিন ধরে মেরামত না করার কারনে বর্তমানে গাড়ীটি চলাচলের অনুপযোগী হয়ে পড়েছে, তাই দ্রুত মেরামত করা প্রয়োজন।<br>**সিদ্ধান্ত:** সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হলে আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহ করার সিদ্ধান্ত গৃহীত হলো। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রশাসনিক কর্মকর্তাকে বলা হলো।<br>(৬) গ্রীষ্মকালীন খেলাধুলার জন্য উপজেলা পর্যায় থেকে জেলা পর্যায়ে চ্যাম্পিয়ন হওয়ায় জেলা পর্যায়ে থেকে বিভাগীয় পর্যায়ে খেলাধুলার জন্য টীম ও খেলোয়ার প্রেরণ করার লক্ষে তাদের আপ্যায়ন, জার্সি, বাসভাড়া ও অন্যান্য খরচ বাবদ ব্যয় নির্বাহ করার জন্য জেলা প্রশাসক মহোদয় মৌখিক নির্দেশনা দিয়েছেন।<br>**সিদ্ধান্ত:** সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হলে আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় নির্বাহ করার সিদ্ধান্ত গৃহীত হলো। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রশাসনিক কর্মকর্তাকে বলা হলো।<br>(৭) অফিসের চারপাশের ফাকা জায়গা ও গাছের আগাছা পরিস্কার করন করা প্রয়োজন ।<br>**সিদ্ধান্ত:** সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হলে আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল (বর্জ্য ব্যবস্থানপা) খাত হতে ব্যয় নির্বাহ করার সিদ্ধান্ত গৃহীত হলো। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রশাসনিক কর্মকর্তাকে বলা হলো।<br>(৮) উপজেলা পরিষদ সভাকক্ষের চেয়ারগুলো ব্যবহার অনুপযোগী হয়ে পড়েছে বিধায় মেরামত করা জরুরী প্রয়োজন।<br>**সিদ্ধান্ত:** সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হলে আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল (আসবাবপত্র মেরামত) খাত হতে ব্যয় নির্বাহ করার সিদ্ধান্ত গৃহীত হলো। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রশাসনিক কর্মকর্তাকে বলা হলো।<br>(৯) উপজেলা পরিষদের ফটোকপিয়ার মেশিন, প্রিন্টার ও ডেক্সটপ মেরামত করা জরুরী প্রয়োজন।<br>**সিদ্ধান্ত:** সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হলে আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল (অফিস সরঞ্জাম মেরামত) খাত হতে ব্যয় নির্বাহ করার সিদ্ধান্ত গৃহীত হলো। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রশাসনিক কর্মকর্তাকে বলা হলো।<br>(১০) আনসারদের জন্য প্রতিমাসে ব্যবহৃত গ্যাস সরবরাহ কাজের জন্য ব্যয়িত বিল উত্তোলন করা প্রয়োজন।<br>**সিদ্ধান্ত:** সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হলে আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল (আনসার) খাত হতে ব্যয় নির্বাহ করার সিদ্ধান্ত গৃহীত হলো। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রশাসনিক কর্মকর্তাকে বলা হলো।<br>(১১) উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, বালিয়াডাঙ্গী উপজেলার চৌরাস্তা বাজারে এবং শিশুদের মানসিক বিকাশ কেন্দ্র(শিশু পার্কের) মাঠে সোলার প্যানেল স্থাপন করা জরুরী প্রয়োজন।<br>**সিদ্ধান্ত:** সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হলে আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল (সোলার স্থাপন) খাত হতে ব্যয় নির্বাহ করার সিদ্ধান্ত গৃহীত হলো। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রশাসনিক কর্মকর্তাকে বলা হলো।<br>(১২) উপজেলা প্রকৌশলী সভায় আরো জানান যে, উপজেলা পরিষদ জামে মসজিদে উপজেলা পরিষদের সকল কর্মকর্তা/কর্মচারীসহ সেবাগ্রহণকারী মুসল্লীগণ নামাজ আদায় করেন, বর্তমানে মসজিদের বেহাল অবস্থা, উপজেলা পরিষদ জামে মসজিদের ছাদ পেটেষ্টোন, মসজিদের সামনের অংশ, প্রসাবখানা ও টয়লেট মেরামতসহ টাইলস করা প্রয়োজন এবং মসজিদের বাইরের ওয়ালসহ জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন।<br>সিদ্ধান্ত: এ বিস্তারিত আলোচনা করা হলে আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হলে এ বিষয়ে নির্দেশনা চেয়ে প্রাক্কলন প্রস্তুতপূর্বক স্থানীয় সরকার বিভাগ মন্ত্রণালয়ে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হলো এবং উপজেলা প্রকৌশলাকে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য বলা হলো। |
| ২৯ | বিবিধ: |

উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন যে, প্রতিটি দপ্তরের উন্নয়নমুলক কাজসহ দাপ্তরিক কাজ চলমান রাখার পাশাপাশি অন্যান্য সকল উন্নয়নমুলক কাজে মনোনিবেশ হতে হবে। কারণ সরকারের যে উদ্দেশ্য তা যদি বাস্তবায়ন না হয় তাহলে এর দায়ভার সংশ্লিষ্ট দপ্তর প্রধানকে নিতে হবে।

সভার সভাপতি ও প্রশাসক, উপজেলা পরিষদ বলেন যে, মানুষ যাতে করে সেবা নিতে এসে ভোগান্তির স্বীকার না হয় সে ব্যাপারে সকল দপ্তর প্রধানগণকে সেবা নিশ্চিত করার জন্য বলেন। সকলের সহযোগিতায় বালিয়াডাঙ্গী উপজেলার যে সকল সমস্যা রয়েছে তা সমাধানের চেষ্টা করার পরামর্শ দেন।

সভার সভাপতি উপস্থিত সকলকে আবারো ধন্যবাদ জানিয়ে সভায় আর কোন আলোচনা না সভার সমাপ্তি ঘোষণা করেন।

তারিখ: ৩০/০৯/২০২৫খ্রি:।

(মফিজুর রহমান )
প্রশাসক
উপজেলা পরিষদ
বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।
www.baliadangi.thakurgaon.gov.bd

তারিখ: ৩০/০৯/২০২৫খ্রি:

স্মারক নং-০৫.৫৫.৯৪০৮.০০০.০০.০৮.২০২৫-

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজণীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ,রংপুর।
৪। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
৫। প্রশাসক, উপজেলা পরিষদ,বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।
৬-১৭। উপজেলা........................................................................................কর্মকর্তা,বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।
১৮-২৫। চেয়ারম্যান..................................................................................... ইউপি (সকল),বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।
২৬। অফিস নথি।

৩০/০৯/২০২৫

মফিজুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।
ফোন:০২৫৮৯৯৩৩০০১
email.unobaliadangi@mopa.gov.bd